**বিষয়: মাসিক ভিত্তিতে সিসমিক জরিপ কার্যক্রম মনিটরিং প্রতিবেদন (অক্টোবর ২০২২)**

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কর্মসম্পাদন সূচক ২.১.১ ও ২.১.২ এ ১০০০ লাইন কিলোমিটার ২ডি সিসমিক ও ৭০ বর্গ কিলোমিটর ৩ডি সিসমিক জরিপ কার্যক্রম অর্ন্তভূক্ত আছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রশাসন-২ অধিশাখার ২৫-০৭-২০২২ তারিখের অফিস আদেশ নং- ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬ স্মারকের মাধ্যমে ২০২২-২০২৩ অর্থ বছরের সিসমিক জরিপ সূচকটি মনিটরিং করার জন্য টিম গঠন করা হয়েছে। কমিটির কর্মপরিধি অনুযায়ী কমিটি প্রতি মাসে অন্তত একটিসহ ২০২২-২৩ অর্থবছরে ১২টি মনিটরিং প্রতিবেদন দাখিল করবে এবং বর্ণিত কার্যক্রমের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনে সুপারিশ প্রদান করবে। এ প্রেক্ষিতে কমিটি গত ৩১-১০-২০২২ তারিখ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা এবং সংশ্লিষ্ট কোম্পানিসমূহের সাথে অনলাইন সভায় মিলিত হয় এবং চলমান সিসমিক কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করে মনিটরিং পরিকল্পনা গ্রহণ করে।

**বাস্তবায়ন অগ্রগতি:**

**২.১। ২-ডি এবং ৩ডি সিসমিক জরিপ:**

সেপ্টেম্বর-২০২২ মাসে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বাপেক্সের ব্লক ১৫ এবং ব্লক ২২ সিসমিক প্রকল্পের পরিচালক কর্তৃক জানানো হয় যে, গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সিসমিক মনিটরিং কমিটি ১৫ নভেম্বর এর পর যেকোন সময়ে প্রকল্প এলাকা পরিদর্শন করতে পারে। সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড এর আওতাধীন অ্যাকারেজ ব্লক-১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় সিসমিক সার্ভে প্রকল্পের সিসমিক ডাটা এক্যুইজিসান এর জন্য বিস্ফোরক ও ডেটোনেটর মাঠ পর্যায়ে অস্থায়ী মজুদের স্থানে স্থানান্তর হয়েছে। সিসমিক ডাটা এক্যুইজিসান এর জন্য আপহোল ড্রিলিং কার্যক্রম শুরু হয়েছে এবং মূল ডাটা একুইজিসান ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহে শুরু হবে। সিসমিক মনিটরিং টিম নভেম্বর/ ডিসেম্বর মাসে প্রকল্প এলাকা পরিদর্শন করতে পারে। সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড পরিচালিত বিয়ানিবাজার ৩-ডি প্রকল্পের ডাটা এক্যুইজিসান এর জন্য আপহোল ড্রিলিং কার্যক্রম শুরু হয়েছে এবং ডিসেম্বর মাসে মূল এক্যুইজিসান শুরু হবে। পরিদর্শন টিম ডিসেম্বর মাসে প্রকল্প এলাকা পরিদর্শন করতে পারে।


২.২। প্রকল্প পরিচালকদের তাদের পাঠানো কর্মপরিকল্পনার ছক অনুযায়ী সর্বশেষ অগ্রগতি উপস্থাপন করা হয়। বাপেক্সের ব্লক ১৫ এবং ব্লক ২২ সিসমিক প্রকল্পের তাদের পাঠানো সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে এবং প্রকল্প বাস্তবায়নে আপাততঃ কোন চ্যালেঞ্জ নেই। ২০২২-২০২৩ অর্থবছরের মধ্যেই তারা ১১০০ লাইন কিলমিটার ২ডি সার্ভের ডাটা এক্যুইজিসান সম্পন্ন করতে পারবে। ব্লক ৬বি সাউথ এবং ১০ প্রকল্পের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন ধরনের কার্যক্রমের মধ্যে অস্থায়ী জনবল নিয়োগের লক্ষ্যে দরপত্র আহবান করা হয় এবং সেগুলোর কারিগরি মূল্যায়ন সম্পন্ন হয়েছে, এখন আর্থিক মূল্যায়ন সম্পন্ন হবে, সমন্বিত মূল্যায়ন করে জানুয়ারি মাসের মধ্যে চূড়ান্ত নিয়োগ সম্পন্ন হবে। ভাড়াকৃত যানবাহনের জন্য ইতোমধ্যে চুক্তি সম্পন্ন হয়েছে। কমিউনিকেশন যন্ত্রপাতি, ডাটা একুইজিসন এর জন্য হার্ডওয়ার ও সফটওয়ার, পজিশনিং/ টপোসার্ভের যন্ত্রপাতি, ডাটা একুইজিসন এর প্ল্যানিং/ডিজাইন/মান নিয়ন্ত্রণ যন্ত্রপাতি ও ফিল্ড প্রসেসিং হার্ডওয়ার ও সফটওয়ার এবং ড্রিলিং মেশিন ও এক্সেসরিজ এর যন্ত্রপাতি ক্রয়ের জন্য পত্রিকায় আন্তর্জাতিক দরপত্র আহ্বান করা হয়েছে। ডাটা ইন্টারপ্রিটেসন এর জন্য টেকনিক্যাল স্পেসিফিকেসন ঠিক করা হয়েছে আনুসাংগিক হার্ডওয়ার ও সফটওয়ার ক্রয়ের জন্য নভেম্বর মাসের মধ্যেই পত্রিকার মাধ্যমে আন্তর্জাতিক দরপত্র আহ্বান করা হবে। আন্তর্জাতিক সিসমিক প্রোভাইডার নিয়োগের জন্য EOI মূল্যায়ন সম্পন্ন হয়েছে, বাপেক্স বোর্ডের অনুমোদন পেলে মূল্যায়নকৃত কোম্পানি বরাবর RFP প্রেরণ করা হবে। এছাড়াও মাঠ পর্যায়ে কার্যক্রম শুরু হলে স্থানীয় বাজার হতে স্থানীয় মালামাল ক্রয়ের জন্য RFQ এর মাধ্যমে ক্রয়কার্য সম্পাদন হবে। দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে এবং প্রকল্প বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা নেই। এছাড়াও, জকিগঞ্জ এবং পাথারিয়া স্ট্রাকচারে ৩ডি সিসমিক প্রকল্পের ডাটা অ্যাকুইজিসান কার্যক্রম নভেম্বর, ২০২২ মাসে শুরুর লক্ষ্যে আনুষঙ্গিক কার্যক্রম চলমান রয়েছে।


২.৩। সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড-পরিচালিত বিয়ানিবাজার গ্যাসক্ষেত্রে ১৯১ বর্গ কিলোমিটার ৩-ডি সিসমিক কার্যক্রমের প্রকল্পের পরিকল্পনা অনুযায়ী তাদের কার্যক্রম চলমান রয়েছে। তবে সীমান্ত সংলগ্ন কিছু এলাকায় সিসমিক ডাটা এক্যুইজিসান এর সময় এক্সপ্লোসিভ চার্জ এর বিষয়ে বিজিবি এর আপত্তি রয়েছে। তারা এ বিষয়ে বিজিবি এর সাথে আলোচনা করেছে এবং পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে অবহিত করেছে। পরবর্তীতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ বিষয়টি জননিরাপত্তা বিভাগ কে জানিয়েছে, তবে এখনো বিষয়টি নিষ্পত্তি হয়নি। এছাড়াও অ্যাকারেজ ব্লক-১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় ৮৬৫ বর্গ কিলোমিটার ৩ডি প্রকল্পের সিসমিক ডাটা এক্যুইজিসান এর জন্য আপহোল ড্রিলিং কার্যক্রম শুরু হয়েছে, তবে কিছু এলাকা বিমান বাহিনীর হওয়ায় তারা আপত্তি তুলেছে, এ প্রেক্ষিতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর মাধ্যমে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন

পাওয়া গেলেও বিমান বাহিনী তাদের ইউনিটসমূহের সাথে আলোচনা করে বিষয়টি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে অবহিত করবে বলে জানিয়েছে। তাছাড়া সার্ভে এলাকার কিছু অংশ বনবিভাগের আওতাধীন হওয়ায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অনুমোদন কামনা করা হয়েছে।


২.৪। হবিগঞ্জ ফিল্ড ও তদ্‌সংলগ্ন অবমুক্ত এলাকাসহ ৮৭৫ বর্গ কি.মি. এবং বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৫৭৫ বর্গ কি.মি. সহ সর্বমোট ১৪৫০ বর্গ কি.মি. এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ পরিচালনার লক্ষ্যে তারা জিওবি অর্থায়নের প্রকৃতি নির্ধারণে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পূর্ব সম্মতি গ্রহণ এবং অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহনের জন্য ১৪-০৯-২০২২ তারিখে পেট্রোবাংলা হতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে ডিপিপি প্রেরণ করা হয়েছে। বাপেক্স এর মাধ্যমে ৩ডি সিসমিক সার্ভে সম্পাদনের লক্ষ্যে খসড়া চুক্তি প্রণয়নের জন্য বাপেক্স এবং বিজিএফসিএল এর কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠিত হয়েছে।

**৩.০ ব্লক ১৩ এবং ১৪ এর সিসিমিক এক্যুইজিসান এলাকার স্থির চিত্র**









**৪.০ কমিটির মন্তব্য/সুপারিশ:**

| ক্রম | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৪.১ | সিসমিক মনিটরিং টিম নভেম্বর মাসে অন্ততঃ একটি প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন করবে; | বাপেক্স, বিজিএফসিএল, এসজিএফএল, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক এবং সাইসমিক জরিপ মনিটরিং টিম |
| ৪.২ | বিয়ানিবাজার গ্যাসক্ষেত্রে ১৯১ বর্গ কিলোমিটার ৩-ডি সিসমিক কার্যক্রমের সীমান্ত সংলগ্ন এলাকায় এক্সপ্লোসিভ চার্জ এর বিষয়ে জননিরাপত্তা বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে। | উন্নয়ন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এসজিএফএল |
| ৪.৩ | বিয়ানিবাজার গ্যাসক্ষেত্রে ব্লক-১৩ ও ১৪-এর অবমুক্ত | উন্নয়ন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |

| | | |
|---|---|---|
| | এলাকায়, সিসমিক ডাটা এক্যুইজিসান এর জন্য আপহোল ড্রিলিং কার্যক্রম শুরুর জন্য বিমান বাহিনীর ইউনিটসমূহের সাথে আলোচনা করে সুরাহা করতে হবে। | এবং এসজিএফএল |
| ৪.৪ | সিলেট গ্যাস ফিল্ড গৃহীত ২টি প্রকল্পের চ্যালেঞ্জ মোকাবেলায় সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ পেট্রোবাংলা এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর সাথে সরাসরি যোগাযোগ রক্ষা করে সমস্যা সমাধানে ভূমিকা রাখবেন; | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, পেট্রোবাংলা এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |
| ৪.৫ | প্রকল্পসমূহের অধীনে গৃহীত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সংস্থাসমূহের সাথে সময়মত যোগাযোগ রক্ষা করতঃ সঠিক সময়ে কার্যক্রম সম্পাদন করতে হবে। | বাপেক্স, বিজিএফসিএল, এসজিএফএল, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

০৮/১১/২০২২
মোহাম্মদ রবিউল আউয়াল খান
ব্যবস্থাপক, পেট্রোবাংলা
ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি

০৮/১১/২০২২
মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

০৮/১১/২০২২
এম নাসিমুল আলীম
উপ-মহাব্যবস্থাপক, পেট্রোবাংলা
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

০৮/১১/২০২২
দিলওয়ারা আলো
উপসচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

০৮/১১/২০২২
শাকিল আহমেদ
উপসচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

০৮/১১/২২
মোঃ আ: খালেক মল্লিক
অতিরিক্ত সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি